দৈনিক ইনকিলাব

তারিখ JUL 22 2006
পৃষ্ঠা 2 কলাম 2

# বরগুনায় অনার্স পরীক্ষায় ভুল প্রশ্নপত্র বিতরণ

**বরগুনা জেলা সংবাদদাতা ঃ** বরগুনা সরকালী মহিলা কলেজের কেন্দ্রে অনার্স পার্ট-১ পরীক্ষায় ভুল প্রশ্নপত্র বিতরণে সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের ২০ জন ছাত্রছাত্রী বিপাকে পড়েছে।

জানা গেছে, বরগুনা সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের অনার্স পার্ট-১ পরীক্ষায় ১৫০ জন ছাত্রছাত্রীর মহিলা কলেজে কেন্দ্র পড়ায় ৪টি কক্ষে অনুষ্ঠিত পরীক্ষার ১টি কক্ষে ২০ জন ছাত্রছাত্রীর মাঝে ভুলবশত ফাডামেন্টাল অব ফিন্যান্স পরীক্ষার প্রশ্নপত্রের পরিবর্তে বিজনেস ফিন্যান্স প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। দীর্ঘ তিন ঘণ্টা পরীক্ষা দেয়ার পর ছাত্রদের নজরে পড়লে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কর্তৃপক্ষের অবহেলার কারণে ২০ জন ছাত্রছাত্রী পরীক্ষা নিয়ে বিপাকে পড়েছে। উত্তেজিত ছাত্রছাত্রীদের সামাল দিতে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শেখ সাখাওয়াত হোসেন-২ কলেজের অধ্যক্ষ ও ২০ ছাত্রছাত্রীকে নিয়ে সভা করেছে এবং ৩